



பெருநகர் போதும்துறை அமைச்சு

பெருநகர் போதும்துறை அமைச்சு (பெருநகர்)

**Job Category:** Administration/General  
Management

**Job Source:** The New Age

## Job Summary

**Posted On:** 26 Sep 2024

**Application Deadline:** 24 Oct 2024



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান উপদেষ্টার কার্যালয়  
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ  
বেপজা কমপ্লেক্স  
বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
[www.bepza.gov.bd](http://www.bepza.gov.bd)

নং-০৩.০৬.২৬১৬.৩০৭.১১.০৭০.১৮.১৭৩০

তারিখ:- ০৯ আশ্বিন ১৪৩১  
২৪ সেপ্টেম্বর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর রাজস্বখাতে নিয়মবর্ণিত শূন্যপদসমূহে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online এ সরাসরি আবেদন করা যাচ্ছে:

ক্রম	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (স্বাতীয়া বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বয়সসীমা
(১)	নিরাপত্তা কর্মকর্তা (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/-	৩	ন্যূনতম স্নাতক ডিগ্রিসহ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মাস্টার ওয়ারেন্ট অফিসার/সিনিয়র ওয়ারেন্ট অফিসার/ ওয়ারেন্ট অফিসার অথবা বিমান ও নৌবাহিনীর সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তা। তবে কোন প্রাথমিক শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না।	সর্বোচ্চ ৫০ বছর।
(২)	সহকারী নিরাপত্তা কর্মকর্তা (গ্রেড-১০) ১৬,০০০-৩৮,৬৪০/-	৬	ন্যূনতম এইচ.এস.সি. পাসসহ সেনাবাহিনীর সার্জেন্ট অথবা বিমান ও নৌবাহিনীর সমমর্যাদাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা।	সর্বোচ্চ ৪৭ বছর।
(৩)	নিরাপত্তা পরিদর্শক (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/-	৬	এইচ.এস.সি. পাসসহ সশস্ত্র বাহিনীর কর্পোরাল অথবা সমমর্যাদাসম্পন্ন পদে অবসরপ্রাপ্ত ব্যক্তি।	সর্বোচ্চ ৪৭ বছর।
(৪)	নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	৩৩	(ক) বেসামরিক প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস.এস.সি. পাস। (খ) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সৈনিক/ল্যান্স কর্পোরাল বা সমমর্যাদাসম্পন্ন পদে ৫ বছর চাকরির অভিজ্ঞতা। শারীরিক যোগ্যতা: উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ৫ ইঞ্চি, ওজন ন্যূনতম ১১০ পাউন্ড বা ৫০ কেজি এবং বুকের মাপ স্বাভাবিক ৩০ ইঞ্চি ও স্কীত ৩২ ইঞ্চি হতে হবে।	(ক) বেসামরিক প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরশ্রদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। (খ) সশস্ত্র বাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী:

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে <http://bepza.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(ক) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৬/০৯/২০২৪, সকাল ১০:০০ টা;

(খ) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৪/১০/২০২৪, বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(গ) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত যাবতীয় শর্তাদি বেপজার ওয়েবসাইটে <https://www.bepza.gov.bd/career> এবং <http://bepza.teletalk.com.bd> অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে পাওয়া যাবে।



বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ  
এলাকা কর্তৃপক্ষ এর ওয়েবসাইটে  
প্রবেশ এর QR Code



বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ  
এলাকা কর্তৃপক্ষ এর টেলিটক  
পোর্টাল প্রবেশ এর QR Code

২৪/১০/২৪  
নির্বাহী পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ